# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১৩. আদম কর্তৃক কা’বা ঘর নির্মাণ

আদম (আঃ) পবিত্র কা’বা ঘর নির্মাণ করেছিলেন বলে প্রচলিত আছে। মূলত বিভিন্ন ঐতিহাসিক, মুফাস্সির বা আলিমের কথা এগুলো। এ বিষয়ক হাদীসগুলো দুর্বল সনদে বর্ণিত। কোনো কোনো মুহাদ্দিস এ বিষয়ক সকল বর্ণনাই অত্যন্ত যয়ীফ ও বাতিল বলে গণ্য করেছেন। আল্লামা ইবনু কাসীর বাইতুল্লাহ বিষয়ক আয়াতগুলো উল্লেখ করে বলেন, এ সকল আয়াতে আল্লাহ সুস্পষ্ট জানিয়েছেন যে, একমাত্র আল্লাহর ইবাদতের জন্য বিশ্বের সকল মানুষের জন্য নির্মিত সর্বপ্রথম বরকতময় ঘর ‘বাইতুল্লাহ'কে ইবরাহীম (আঃ) নির্মাণ করেন। এ স্থানটি সৃষ্টির শুরু থেকেই মহা সম্মানিত ছিল। আল্লাহ সে স্থান ওহীর মাধ্যমে তাঁর খলীলকে দেখিয়ে দেন। তিনি আরো বলেন:

لَمْ يَجِئْ فِيْ خَبَرٍ صَحِيْحٍ عَنِ الْمَعْصُوْمِ أَنَّ الْبَيْتَ كَانَ مَبْنِيًّا قَبْلَ الْخَلِيْلِ... كُلُّ هَذِهِ الأَخْبَارُ عَنْ بَنِيْ إِسْرَائِيْلَ وَقَدْ قَرَّرْنَا أَنَّهَا لاَ تُصَدَّقُ وَلاَ تُكَذَّبُ.

“রাসূলুল্লাহ (ﷺ) থেকে একটিও সহীহ হাদীস বর্ণিত হয় নি যে, ইবরাহীম (আঃ)-এর পূর্বে কাবা ঘর নির্মিত হয়েছিল... এ বিষয়ক সকল বর্ণনা ইসরাঈলীয় রেওয়ায়াত। আমরা ইতোপূর্বে উল্লেখ করেছি যে, এগুলোকে সত্যও মনে করা যাবে না, মিথ্যাও বলা যাবে না।”[1]

### ফুটনোট

[1] ইবনু কাসীর, আল-বিদায়া ১/১৬৩। আরো দেখুন, তাফসীর ইবন কাসীর ১/১৭৩-১৭৪, ৩/২১৬: মুহাম্মাদ আবূ শাহবাহ, আল-ইসরাঈলিয়্যাত, পৃ. ১৬৮-১৬৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4773

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন